banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

SSC (CGL)/WBCS/ BANK/ RLY
LIVE CLASS BEST TRAINER of INDIA
MATH-ABHINAY SHARMA
ENG-GOPAL VERMA
REASONING-GUPTA SIR
GS-RAM SIR
শিক্ষকদের নাম টাইপ করে এ ক্লাস দেখুন
MIDNAPUR, BANKURA, BURDWAN, MALDA, JALPAIGURI, COOCHBEHAR
KOLKATA-9748914137

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

Best Training For
WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
© 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

বর্ষ ৩৯ সংখ্যা ২০ কলকাতা বুধবার, ১৯ ডিসেম্বর ২০১৮/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৩ পৌষ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## পশ্চিম রেলে ৩৫৫৩ অ্যাপ্রেন্টিস

৩,৫৫৩ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পশ্চিম রেলওয়ে। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ফিটার, ওয়েল্ডার, মেশিনিস্ট, কার্পেন্টার, মেকানিক, প্লাম্বার, ইলেক্ট্রিশিয়ান, পেইন্টার-সহ বিভিন্ন ট্রেডে এক বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের নোটিফিকেশন নম্বর: RRC/WR/04/2018.

ডিভিশন/ওয়ার্কশপ ও ট্রেড অনুসারে আসনসংখ্যার বিন্যাস: **বি সি টি ডিভিশন: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ১৫৩টি (সাধারণ ৭৮, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১)। এর মধ্যে ২টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ৫টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **টার্নার:** ১টি (সাধারণ)। **কার্পেন্টার:** ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ডিজেল মেকানিক:** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেকানিক মোটর ভেহিক্যল:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ডিজেল মেকানিক:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে

*এরপর সাতের পাতায়*

## পূর্ব-মধ্য রেলে ২২৩৪ ট্রেড অ্যাপ্রেন্টিস

২,২৩৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইস্ট সেন্ট্রাল রেল। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে দানাপুর, ধানবাদ, মোগলসরাই-সহ বিভিন্ন ডিভিশন এবং ওয়ার্কশপে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/ECR/HRD/Act. App./02/2018.

**আসনসংখ্যার বিবরণ: দানাপুর ডিভিশন:** ফিটার: ২১০টি (সাধারণ ১০৬, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫৭)। ইলেক্ট্রনিক মেকানিক: ১৪৪টি (সাধারণ ৭৩, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৯)।

*এরপর পাঁচের পাতায়*

## সি আর পি এফে ৩৫৯ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৩৫৯ জন খেলোয়াড় নেবে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স। নিয়োগ হবে কনস্টেবল ও হেড কনস্টেবল পদে।

মোট শূন্যপদ: **কনস্টেবল (জেনারেল ডিউটি):** ৩৩৯টি (পুরুষ ২৯৫, মহিলা ৪৪)। **হেড কনস্টেবল**

*এরপর চোদ্দোর পাতায়*

## রেল প্রতিরক্ষায় ৭৯৮ কনস্টেবল

৭৯৮ জন কনস্টেবল (অ্যান্সিলারি) নেবে রেলওয়ে প্রোটেকশন ফোর্স (আর পি এফ) ও রেলওয়ে প্রোটেকশন স্পেশ্যাল ফোর্স (আর পি এস এফ)। নিয়োগ হবে বিভিন্ন ট্রেডে। আর পি এফ নিয়োগ করা হবে দক্ষিণ রেল, দক্ষিণ-পশ্চিম রেল, দক্ষিণ-মধ্য রেল, মধ্য রেল, পশ্চিম রেল, পশ্চিম-মধ্য রেল, দক্ষিণ-পূর্ব-মধ্য রেল, পূর্ব রেল, পূর্ব-মধ্য রেল, দক্ষিণ-পূর্ব রেল, ইস্ট-কোস্ট রেল, উত্তর রেল, উত্তর-পূর্ব রেল, উত্তর-পশ্চিম রেল, উত্তর-মধ্য রেল এবং নর্দার্ন ফ্রন্টিয়ার রেলে। আর পি এফে শূন্যপদ ৫৩৯টি। আর পি এস এফের ক্ষেত্রে শূন্যপদ ২৫৯টি। আর পি এস এফের শূন্যপদে শুধুমাত্র পুরুষরা আবেদন করতে পারবেন। এই নিয়োগের নোটিফিকেশন নম্বর: Constable (Ancillary)/RPF-03/ 2018.

**ট্রেড অনুসারে শূন্যপদ: ওয়াটার ক্যারিয়ার:** ৪৫২টি (সাধারণ ২০২, তফসিলি জাতি ৪৮, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ১৭৬। **সাফাইওয়ালা:** ১৯৯টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৬১)। **ওয়াশার ম্যান:** ৪৯টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **বার্বার:** ৪৯টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। **মালি:** ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। **টেলর:** ২০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। **কবলার:** ২২টি (সাধারণ ১৪, তফসিলি

*এরপর চোদ্দোর পাতায়*

## কলকাতা পুলিশে ৬১৩ সিভিক ভলান্টিয়ার

৬১৩ জন সিভিক ভলান্টিয়ার নেবে কলকাতা পুলিশ। নিয়োগ করা হবে কলকাতা পুলিশের বিভিন্ন ডিভিশন ও ইউনিটে। প্রথমে ২ সপ্তাহের ট্রেনিং। মহিলারাও আবেদন করতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: FRC/ Recruit/12/2018.

**শূন্যপদের বিবরণ:** ট্রাফিক বিভাগ: ১৯০টি, নর্থ ও নর্থ সুবার্বন ডিভিশন: ৩৭টি, সেন্ট্রাল ডিভিশন: ৪৩টি, সাউথ ডিভিশন: ১৬টি, ইস্ট ডিভিশন: ৭৫টি, ইস্টার্ন সুবার্বন ডিভিশন: ২৪টি, সাউথ ইস্ট ডিভিশন: ১২টি, সাউথ সুবার্বন ডিভিশন: ১১টি, সাউথ ওয়েস্ট ডিভিশন: ৪০টি, ফার্স্ট ব্যাটেলিয়ন, কলকাতা আর্মড পুলিশ: ৫টি, কলকাতা পুলিশ ট্রেনিং অ্যাকাডেমি: ২৫টি, থার্ড

*এরপর চারের পাতায়*

পশ্চিমবঙ্গ সরকার
যুব কল্যান দপ্তর
VOCATIONAL TRAINING INSTITUTE
UNDER STATE YOUTH CENTRE, MOULALI
YOUTH SERVICE DEPT. Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ
মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

MOULALI :
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala. Ph.: 033-22492552, 9831974348, 9433153569, 9874126490
DURGAPUR :
2nd Administrative Building, City Centre,
Ph. : 0343 2544432 / 9830275795
HOWRAH :
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema)
Near UCO Bank, Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344/9143163495/9433045288
SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239
ভর্তি চলিতেছে | ভর্তি চলিতেছে

## অসম রাইফেলসে ৭৪৯ গ্রুপ 'বি' ও 'সি' কর্মী

ক্লার্ক, নার্স, পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট, ফিজিও থেরাপিস্ট-সহ মোট ৩৩টি ট্রেডে বিভিন্ন রাজ্য থেকে ৭৪৯ জন গ্রুপ 'বি' ও গ্রুপ 'সি' কর্মী নেবে অসম রাইফেলস। র‍্যালির মাধ্যমে প্রার্থী বাছাই হবে। র‍্যালি আয়োজিত হবে ২৮ জানুয়ারি থেকে অসম, মেঘালয় ও নাগাল্যান্ডের বিভিন্ন কেন্দ্রে। কললেটারে র‍্যালিকেন্দ্র জানিয়ে দেওয়া হবে। যে-কোনও একটি রাজ্যের শূন্যপদে আবেদন করবেন।

রাজ্য ও ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: **পশ্চিমবঙ্গ:** সিরিয়াল নম্বর ৩৬: মোট শূন্যপদ ৩৪টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। (এ) হাবিলদার (ক্লার্ক): ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। (বি) ওয়ারেন্ট অফিসার (পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট): ১টি

**ট্রেড অনুসারে শিক্ষাগত যোগ্যতা ...পৃঃ ১৫**

*এরপর তেরোর পাতায়*

## রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ১৯ মে

রাজ্যের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৯ আয়োজিত হবে ১৯ মে (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **ইঞ্জিনিয়ারিং:** ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**ফার্মাসি:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজির মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**মেরিন ইঞ্জিনিয়ারিং:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**আর্কিটেকচার:** ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে মোট

*এরপর পাঁচের পাতায়*

এই প্রথম ম্যানেজমেন্ট, লিডারশিপ এবং স্কিল ট্রেনিং-এর পাঠ্যক্রম একই কোর্সে
INTRODUCING
DML
Diploma in Management and Leadership
DIPLOMA in MANAGEMENT & LEADERSHIP
Specialisation on Domain like
Automobile / Accounting / IT-Hardware & Networking

এখন দাও Course Fees-এর 10%*
বাকিটা চাকরি পাওয়ার পর
FREE • Laptop • Gromming Kit • Tool Kit • Interview Dress
• Terms & Conditions apply
Accredited & Certified by
ASDC ESSCI BFSI MEPSC
অ্যাসেনসিভ এডুকেয়ার
Ascensive Educare Pvt. Ltd.
Training Partner of NSDC
AMTALA- 6290450570/8335069124
ARAMBAGH- 8336902886/9732863555
BARASAT- 8336902873/8335069116
BAGNAN- 8336902884/7439474395
CHANDANNAGAR- 8336902867/9330698329
UTTARPARA- 8336902887/8335069105
Corporate Office : BF-32, Sec-1, Salt Lake City, Bidhannagar, Kolkata - 700 064
Phone : (033) 4071 5661 | info@aimetr.com
www.ascensiveeducare.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ২০ □ ১৯ ডিসেম্বর ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং**

**Govt. Regd. L. No. WB-05271**

**M: 83481-45670**

স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ কোনওরকম ডোনেশন ছাড়াই উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি কোম্পানির Direct পে-রোলে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,500/-), OT, PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়া ফ্রি। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। P. C, J. D. Rd, PGS-24, 743144. (M): 83481-45670

□

**Pvt. ব্যাঙ্ক এবং Accounts Deparment** -এ চাকরি, প্রচুর প্রার্থী চাই। সোনারপুর ও বালিগঞ্জ: 99038-54218 হাওড়া ও শিয়ালদহ: 96744-11851, MK Services, Kolkata-700 012, B. B. Ganguly Street.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 49,300/-. এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-40, D.J.S, হাওড়া, শিবপুর, (M): 83719-21244.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

২ জানুয়ারি **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৯ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**BSNL / VODA / JIO**

কাস্টঃ কেয়ারে (10-6) New Sim সংক্রান্ত কাস্টমারদের incoming call verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে অভিজ্ঞ / অনভিজ্ঞ (H.S-M.A), বয়স: (18-38) M/F নিয়োগ চলছে। বেতন শুরু: 12,700/- + ESI + মেস। IING, Kol-08, বেহালা: 96742-56755, যাদবপুর: 82769-83240.

□

**Jio / Vodafone / SBI কাস্টঃ কেয়ারে** বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,500/-. হাওড়া ও হুগলি: 96747-95345, উঃ/দঃ ২৪ পরগনা: 98301-20692, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91.

□

**SBI / Jio / Vodafone কাস্টঃ কেয়ারে** বাংলা জানা M/F চাই। যোগ্যতা: H.S-M.P, বেতন: INC + OT-সহ 11,500/-. M: 70440-49492. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব। স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-40, D.J.S.C. বালিগঞ্জ ফাঁড়ি মোড়, কোল-19, (M): 83718-73424.

□

**Required Eng. & Beng. Teachers** min. M.A., B. Ed. for Govt. Recog. R. K. Ashrama Institute (H.S.) at Haraharitala, P.O. Harinavi, Kol-148.

□

**ATM গার্ড ও টাওয়ার চেকিং-এর** কাজের জন্য কর্মী চাই। বেতন: 13,500/- – 18,500/-. M: 74773-12519. R. J. S., R. B. L., Kol-9.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**গঃ রেঃ L. No-EWK-5783**

কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে এবং Pvt. BANK-এ M/F চাই। সত্বর যোগাযোগ করুন। বেতন: ১৭,০০০/- – ৪২,০০০/-, PF ও ESI-সহ বিভিন্ন সুবিধা। G. T. Rd, হুগলি, G. C, (M): 97341-69279.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

শহর থেকে গ্রামে প্রত্যেক কর্মপ্রার্থীদের বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোতে চাকরি। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 49,700/-, বয়স: 18-45, D. L. C, সল্ট লেক, কলি-64, M: 83709-56124.

□

**SBI Govt. ব্যাঙ্ক / UCO / VODAFONE / HDFC /** ব্যাক অফিসে সরাসরি অফিসিয়াল পদে MP-MA (18-34) M/F শীঘ্রই নিয়োগ। বেতন: 8,817/- – 35,550/- (INC + OT + TA). W2C, Kol-56. বেলঘরিয়া/দমদম 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর / কল্যাণী: 91632-90343 বারুইপুর / সোনারপুর: 98755-52728.

□

## কর্মখালি

**VODA / JIO 4G ও SBI**

**বাংলাভাষী কাস্টমার কেয়ারে**

(মাধ্যমিক-গ্র্যাজুয়েট) (18-35), ছেলে-মেয়েদের স্পট সিলেকশন চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 11,500/- ও অন্যান্য সুবিধা। প্রয়োজনে শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003.

□

**JOB VACANCY**

Govt. Reg-L/No-1860A, সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৮র্থ-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200/- – 29,500/-). কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কলি-১। (M): 97343-13638 / 86954-99063.

□

**Airport মেট্রো ও Pvt. BANK-এ সরাসরি নিয়োগ**

**Regd. L. N.-WB-02715**

এয়ারপোর্ট মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে ও Bank (DSA)-তে নিয়োগ চলছে। বিভিন্ন অফিসিয়াল পদে যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,400/- – 46,500/-, বিভিন্ন সুবিধা আছে। ব্যান্ডেল, G. C., (M): 97341-70894.

□

**নো ডোনেশন নির্দিষ্ট কাজ**

**LN-20289**

পঃ বঙ্গের প্রত্যেক জেলায় প্রচুর কাজের ছেলে প্রয়োজন। S/V, স্টোরকিপার, পিওন, ক্লার্ক, ATM গার্ড, কম্পিউটার অপারেটর, ইনচার্জ পোস্টে ছেলে প্রয়োজন। বেতন: 8,900/- – 26,600/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। শীঘ্র যোগাযোগ করুন: A. J., বেলঘরিয়া, Kol-56, M: 85099-82928.

□

**সঠিক জায়গায় ফোন করে কাজ নিয়ে যান। স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ 4 দিনের মধ্যে নিজের জেলায় স্থায়ী কাজ**

**Govt. Regd. L. No. EWK 09278**

সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি M/F নিয়োগ চলছে। এছাড়া LTD. PVT. কোম্পানি-সহ 4G Tower-এ লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,700/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের সুবিধা-সহ থাকা-খাওয়া ফ্রি। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন: P. Corporate, 408 J. D. Rd, Ichapore. M: 97328-90961.

□

**হোটেলে চাকরি**

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**

২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯

ই-মেল: info@swarnakshar.in

**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**

অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩

সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 শ্যামবাজার ও শিয়ালদহ: 74497-02185 ব্যারাকপুর ও সোদপুর: 84202-17726 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও বালিগঞ্জ: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 86975-95917 Need Counseling, ডানলপ-108.

□

**বিনা ডোনেশনে সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ফোন করুন**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L. No-EWK 70082) অফিস দিচ্ছে সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও P.V.T BANK DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: (8,900/- – 37,800/-), এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি। যোগাযোগ: B. C., ব্যান্ডেল, হুগলি। M: 70766-75198.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি কোনও ডোনেশন ছাড়া নিয়োগ চলছে**

**Regd. L. No.-WEK 7863**

কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট, মেট্রো ও BANK (DSA)-তে অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১৬,৫০০/- – ৩৮,৪০০/-। থাকাখাওয়া-সহ OT, PF, ESI ও বোনাসের সুব্যবস্থা আছে। শীঘ্র যোগাযোগ করুন। S. C, C. C. 34 No Nadia. (M): 90916-16895.

□

## কর্মখালি

**শীঘ্রই যোগাযোগ করুন**

www.gcagroup.co.in ৪র্থ-বি. এ যোগ্যতায় WB-এর প্রতিটি জেলায় (BANK) DSA, শপিংমল, ATM, কনস্ট্রাকশন, 4G টাওয়ার, MNC-তে 11,700/- – 28,500/-) বেতনে অফিসিয়াল বিভিন্ন পদে ESI ও PF-সহ স্থায়ী কাজে M/F চাই। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কলি-৭। (M): 77978-39612 / 87687-70461.

□

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/-+ থাকা + খাওয়া + টিপস। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনি**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশে ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দুঃঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিডেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোজ** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# সুতোর রিল তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনের সাহায্যে সুতোর রিল তৈরি করে বাক্সে ভরে বাজারে বিক্রি করতে পারেন অথবা অর্ডার অনুযায়ী বিভিন্ন দোকানে বা কারখানায় সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** কিলোদরে সস্তায় ভালো সুতো পাওয়া যায় বসিরহাট অঞ্চলে, কলকাতার বড়বাজার অঞ্চলে এবং সল্টলেকের সেক্টর ফাইভ অঞ্চলে। সুতো যে কাগজের রোলে জড়ানো থাকে সেই কাগজ কিনতে পাওয়া যায় কলকাতার রাজাবাজার অঞ্চলে। প্রথমে মাপ অনুযায়ী এই কাগজ কেটে আঠা দিয়ে জুড়ে রোল তৈরি করে নিতে হবে। সুতোর রিল তৈরির এই মেশিনটিতে প্রয়োজনানুযায়ী এককেবারে ৪টি বা ৬টি করে সুতোর রিল তৈরি সম্ভব। এবার কাগজের রোলগুলিকে মেশিনের ববিনে দিয়ে এবং সুতো মেশিনের নির্দিষ্ট পয়েন্টে রেখে মেশিন চালু করলে আপনা থেকেই নির্দিষ্ট মাপ অনুযায়ী সুতোর রিল তৈরি হয়ে যাবে। সবশেষে সেই সুতোর রিলকে প্লাস্টিকে মুড়ে বাজারে বিক্রি করতে পারেন।

এই মেশিনটি চালাতে মোটর লাগবে ১ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** সুতোর রিল তৈরির মেশিনটির দাম পড়বে ১৫,০০০ টাকা এবং মোটরটির দাম পড়বে ৩,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *আমি প্রক্রিয়াজাত মধু বিপণনে আগ্রহী। এজন্য মৌমাছি পালকদের সঙ্গে যোগাযোগ করতে চাই। কীভাবে মৌ-চাষিদের সঙ্গে যোগাযোগ করা যায়? —সুকল্যাণ ঘোষ, পর্ণশ্রী, বেহালা, কলকাতা।*

□□ রাজ্যের বহু অঞ্চলেই মৌমাছির চাষ ও মধু উৎপাদিত হয়ে থাকে। উৎপাদকদের সমবায়ও আছে। আপনি রাজ্যের মধু উৎপাদকদের সংগঠন ওয়েস্ট বেঙ্গল বি-কিপার্স অ্যাসো-সিয়েশনের সঙ্গে যোগাযোগ করে তথ্য সংগ্রহ করতে পারেন। যোগাযোগের ঠিকানা: ২১, মা সারদা রোড, নপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা-৭০০ ১২৪। ফোন: ২৫২৪-১৮৪৬।

□ *আমি ফুল রপ্তানিতে আগ্রহী। পশ্চিমবঙ্গ থেকে ফুল রপ্তানি হয় কি? হয়ে থাকলে কয়েকজন রপ্তানিকারকের ঠিকানা বা ফোন পেলে খুব উপকৃত হব। —মনোজ মাইতি, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।*

□□ পশ্চিমবঙ্গ থেকে ফুল রপ্তানি হয়ে থাকে। রপ্তানিকারকদের তালিকা পাবেন এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (অ্যাপেডা) এই ওয়েবসাইটে: www.apeda.gov.in/kolkata ওয়েবসাইটের 'এক্সপোর্ট' উইন্ডোতে ক্লিক করলে পাবেন এক্সপোর্ট ডিরেক্টরি। ডিরেক্টরিতে ক্লিক করলে 'আই-ট্র্যাক সিস্টেম'-এর একটি ছোট্ট ফর্ম পাবেন। সেটি পূরণ করে সার্চে ক্লিক করলেই খুলে যাবে ডিরেক্টরি।

□ *পশ্চিমবঙ্গ থেকে সবজি রপ্তানি করতে চাই। রপ্তানি ব্যবসার নিয়মকানুন জানার জন্য স্বল্পমেয়াদি কোনও ট্রেনিং কোর্সের খোঁজ দিলে উপকৃত হব। —সুজন চৌধুরী, ধনিয়াখালি, হুগলি।*

□□ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে সবজি, ফল, ফুলের রপ্তানি ব্যবসার প্রশিক্ষণ দেয় সময়ে সময়ে। পাঁচ সপ্তাহের প্রশিক্ষণ। সপ্তাহে ৩ দিন বেলা ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ক্লাস। ফি ৬,০০০ টাকা। যোগাযোগের ঠিকানা: আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৭২৩৫, ২৩৩৫-৭৬৮১।

□ *আমি পশ্চিমবঙ্গ মৎস্য বিভাগ কর্তৃক উৎপাদিত মাছ বিক্রি করতে চাই। অনুমতির জন্য কোথায় যোগাযোগ করতে হবে? —নজরুল হোসেন, যাদবপুর, কলকাতা।*

□□ যোগাযোগ করতে হবে এই ঠিকানায়: বিকাশ ভবন, নর্থ ব্লক, প্রথম তল, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ২৩৫৮-৩১২৩। ওয়েবসাইট: www.wbsfdc.com

□ *কলকাতার এম এস এম ই ডেভেলপমেন্ট ইনস্টিটিউট জাতীয় স্তরের ভেন্ডর লেভেল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-কাম-ইন্ডাস্ট্রিয়াল এক্সিবিশন-এর আয়োজন করে থাকে। এই অনুষ্ঠানে ছোট ম্যানুফ্যাকচারাররা তাঁদের তৈরি পণ্য বড় সংস্থাগুলিকে দেখাতে পারেন। উভয়পক্ষের মধ্যে ব্যবসায়িক চুক্তিও সম্পাদিত হয়। পরবর্তী প্রদর্শনী কেমন সময়ে আয়োজিত হতে পারে? এ ব্যাপারে বিশদ তথ্য কীভাবে পাওয়া যেতে পারে? —প্রদীপ দত্ত, ডোমজুড়, হাওড়া।*

□□ এম এস এম ই ডেভেলপমেন্ট ইনস্টিটিউট এবং বণিকসভা বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স আইয়ের যৌথ উদ্যোগে পরবর্তী ভেন্ডর ডেভেলপমেন্ট প্রোগ্রাম আয়োজিত হবে ২৭ থেকে ২৯ ডিসেম্বর, কলকাতার পার্ক সার্কাস ময়দানে। এ ব্যাপারে বিশদ তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.msmedikolkata.gov.in

□ *কাঠের নানা আসবাব তৈরির প্রশিক্ষণ নিতে চাই। কোথায় প্রশিক্ষণের ব্যবস্থা আছে জানাবেন। —পরেশ মণ্ডল, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ খাদি ও গ্রামোদ্যোগ কমিশনের প্রতিষ্ঠান মাল্টি ডিসিপ্লিনারি ট্রেনিং সেন্টারে সময়ে সময়ে কাঠের আসবাব তৈরির প্রশিক্ষণ আয়োজিত হয়। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়। মাল্টি ডিসিপ্লিনারি ট্রেনিং সেন্টার, চাঁদমারী, গয়েসপুর, কল্যাণী। ফোন: ২৫৮৯-০০২৮।

□ *সুফল বাংলা-র মাধ্যমে খাদ্য বিক্রি করতে চাই। এ জন্য কোথায় যোগাযোগ করতে হবে? —সুখেন্দু দত্ত, আমতা, হাওড়া।*

□□ পশ্চিমবঙ্গ সরকারের 'সুফল বাংলা' প্রকল্পের বিপণন পরিকাঠামোর সাহায্য নিতে পারেন। যোগাযোগের ঠিকানা: সুফল বাংলা প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট, তৃতীয় তল, উত্তরাপন (ডি ভি সি বিল্ডিংয়ের পাশে), কলকাতা-৫৪। ফোন: ৯৪৩৩৩-৯৫০১২, ৯৫৬৩৩-১১১৯৫। ফোন: ২৫৮৯-০০২৮।

□ *দমদম বিমান-বন্দরের কাছাকাছি কোথাও প্যাক হাউস থাকলে তার ঠিকানা জানাবেন। —শেখর বসু, কান্দি, মুর্শিদাবাদ।*

□□ দমদম বিমানবন্দরের কাছাকাছিই এর অবস্থান। যে-কোনও রপ্তানিকারকই এখান থেকে নির্দিষ্ট মূল্যের বিনিময়ে সবজি, ফল প্যাক করতে পারেন। ঠিকানা: এস কিউব ইন্টারন্যাশনাল প্যাক হাউস, নতুন রাস্তার মোড়, চালতাবেরিয়া, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা-৭৪৩ ২৪৮।

□ *ভালো মানের নেল পালিশ ও নেল কোটিং তৈরি শিখতে চাই। কোথাও শেখানো হয় কি? —মানিক নস্কর, ঘোড়াঘাটা, হাওড়া।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতি-তে নেল পালিশ ও নেল কোটিং তৈরি শেখানো হয়। যোগাযোগের ঠিকানা: নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

# প্রতিরক্ষা সংস্থায় ১২৫ ট্রেড অ্যাপ্রেন্টিস

১২৫ জন তরুণ-তরুণীকে আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের অন্তর্গত চেন্নাইয়ের কমব্যাট ভেহিক্যাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাবলিশমেন্ট। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২৫টি। ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৮টি। ইলেক্ট্রিশিয়ান: ২২টি। ইলেক্ট্রনিক্স: ৩টি। ফিটার: ৩৫টি। মেশিনিস্ট: ১২টি। মেকানিক (মোটর ভেহিক্যাল): ৮টি। টার্নার: ৬টি। ওয়েল্ডার: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: এন সি ভি টি দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

স্টাইপেন্ড: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কার্পেন্টার এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ১০,৭৩৯ টাকা। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে প্রতি মাসে ১১,৫৫২ টাকা।

প্রার্থী বাছাই করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rac.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৯ ডিসেম্বর।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০ টাকা। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। অনলাইনে সাবমিট করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এ ক ন জ রে

### কলকাতা পুরসভায় স্কুল ইনস্পেক্টর

বাংলা মাধ্যম স্কুলে ৩ জন স্কুল ইনস্পেক্টর নেবে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন। প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 23 of 2018.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ১৬ জানুয়ারি। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### নৈহাটি পুরসভায় চাকরি

ক্লার্ক, শিক্ষক, পাম্প অপারেটর, পিওন এবং মজদুর পদে ২২ জনকে নেবে নৈহাটি পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 3227/MC-11.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.naihatimunicipality.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশনে চাকরি

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে ১০ জনকে নেবে দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন। নিয়োগ হবে সিভিল ও ইলেক্ট্রিক্যাল শাখায়। প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 22 of 2018.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ১৬ জানুয়ারি। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### বাঁকুড়ায় ডিস্ট্রিক্ট চাইল্ড প্রোটেকশন ইউনিটে চাকরি

সোশ্যাল ওয়ার্কার, ডেটা অ্যানালিস্ট এবং আউটরিচ ওয়ার্কার পদে ১ জন করে নেবে বাঁকুড়া জেলার ডিস্ট্রিক্ট চাইল্ড প্রোটেকশন ইউনিট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 615/DCPS/BNK.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.gov.in

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

আপনার এলাকার মানুষের কাছে টেলি-স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিন আর গড়ে তুলুন নিজের ভবিষ্যৎ

আধুনিক তথ্যপ্রযুক্তির মাধ্যমে কলকাতা ও অন্যান্য শহরের সেরা চিকিৎসকদের পরামর্শ ও মতামত গ্রামে বসেই পেতে পারেন সাধারণ মানুষ, এছাড়া মিলবে অনেক প্রয়োজনীয় স্বাস্থ্য-পরীক্ষা ও পরিষেবা। অল্প খরচেই আপনার এলাকায় শুরু করুন এই টেলি-হেলথ কেন্দ্র - আর গড়ে তুলুন আপনার নিজের ব্যবসা। প্রযুক্তি, পরিষেবা ও প্রশিক্ষণ আমাদের দায়িত্ব - আপনি হয়ে উঠুন আপনার এলাকার সাধারণ মানুষের স্বাস্থ্য সাথী।

যোগাযোগ করুন: EPoC EPOC Healthcare Pvt. Ltd. | Mail: info@epoc.online Ph: 9123078079 | www.epoc.online

এখন সামান্য খরচে কোর্স করে ট্যালি, জি.এস.টি, হোটেল, হসপিটাল, ট্যুরিজম ইন্ডাস্ট্রিতে নিশ্চিত চাকরির সহযোগিতা

N·S·D·C National Skill Development Corporation F-TEC

- সহজ কিস্তিতে টাকা জমার সুযোগ।
- 100% Campus Interview
- ISO 9001-2000 Certified
- Special Offer for First 20 Students get free tab In one short payment/.

Foresight Edutech Institute
বেহালা চৌরাস্তা
83350 69138
83350 69161

National Institute of Solar Energy (NISE)
(An Autonomous Institute of Ministry of New & Renewable Energy, Govt. of India) Sponsored
SURYAMITRA SKILL DEVELOPMENT PROGRAMME
Organized by HETCS Skill Development Centre
Under the guidance of Hooghly Engineering & Technology College Society
যোগ্য ও ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা Suryamitra Skill Development Programme-এর জন্য নিম্নলিখিত ঠিকানায় সাধারন পোস্টে বা ই-মেলে নিজের BIODATA, ছবি ও আধার কার্ড সহ সত্বর যোগাযোগ করুন।
কোর্স শুরু হবে ২রা জানুয়ারী, ২০১৯ থেকে
প্রোগ্রামের বৈশিষ্ট্য ● কেন্দ্রীয় সরকার অনুমোদিত সম্পূর্ণরূপে আবাসিক, চাকুরিমুখী তিন মাসের ট্রেনিং প্রোগ্রাম ও হাতে কলমে কাজ শেখার সুযোগ ● সৌরশক্তিকে সম্পূর্ণরূপে জীবনের বিভিন্ন ক্ষেত্রে প্রয়োগ করার প্রশিক্ষণ ● মোট আসন সংখ্যা ৩০টি ● সম্পূর্ণরূপে সরকারী অনুদানে থাকা খাওয়াসহ ট্রেনিং প্রোগ্রাম ● ট্রেনিং শেষে প্লেসমেন্টের সহায়তা।
ন্যূনতম যোগ্যতা ITI থেকে Electrician, Wireman, Electronic-Mechanic, Fitter, Welder, Sheet Metal পাশ অথবা Diploma থেকে Electrical, Mechanical, Instrumentation, Civil, Electronics পাশ (মাধ্যমিক অথবা সমতুল্য পরীক্ষায় পাশ আবশ্যক)
বয়স ১৮ থেকে ৩৫- এর মধ্যে হতে হবে।
আবেদন পাঠাবার ঠিকানা: E-mail: skills.hetcs@hetc.ac.in
Industry Partner
Hooghly Engineering & Technology College
Vivekananda Road, Pipulpati, P.O. & Dist: Hooghly, Pin: 712103, W.B.
Ph: 8336944091 / 7980083295 / 7003508584

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নেহরু যুব কেন্দ্র সংগঠনে ২২৮

ডিস্ট্রিক্ট ইউথ কোঅর্ডিনেটর, অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট এবং মাল্টি টাস্কিং স্টাফ পদে ২২৮ জনকে নেবে নেহরু যুব কেন্দ্র সংগঠন। এটি কেন্দ্রের ক্রীড়া এবং যুব মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। ট্রেনিং-কাম-প্রবেশন ২ বছরের। প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা নেওয়া হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

শূন্যপদের বিবরণ: ডিস্ট্রিক্ট ইউথ কোঅর্ডিনেটর: ১০১টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। গ্রামোন্নয়ন বা যুবকল্যাণ বা স্বেচ্ছা-সমাজসেবার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট: ৭৫টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২০)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৫টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: বি কম। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে অ্যাকাউন্টসের কাজে ২ বছরের অভিজ্ঞতা। উভয় ক্ষেত্রেই পাশাপাশি ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকতে হবে। রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট অব ইউথ ডেভেলপমেন্ট থেকে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স করে থাকলে, ন্যাশনাল সার্ভিস ভলান্টিয়ার বা রাষ্ট্রীয় সম্ভাবনা যোজনা ভলান্টিয়ার বা ন্যাশনাল ইউথ ক্যর ভলান্টিয়ার হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩১-১২-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

মাল্টি টাস্কিং স্টাফ: ৫২টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। হোম গার্ড বা সিভিল ডিফেন্সে বেসিক অ্যান্ড রিফ্রেশার কোর্স করে থাকলে, ন্যাশনাল সার্ভিস ভলান্টিয়ার বা রাষ্ট্রীয় সম্ভাবনা যোজনা ভলান্টিয়ার বা ন্যাশনাল ইউথ ক্যর ভলান্টিয়ার হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩১-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে পার্সোন্যাল ইন্টারভিউ ও টাইপিং স্কিল টেস্টের মাধ্যমে। ডিস্ট্রিক্ট ইউথ কোঅর্ডিনেটর পদের ক্ষেত্রে প্রশ্ন হবে রিজনিং, জেনারেল নলেজ, ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইন্ডিয়ান ইকনমি, সোশ্যাল, কালচারাল, লিগাল অ্যান্ড পলিটিক্যাল এনভায়রনমেন্ট, কমিউনিটি অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট প্রোগ্রাম বিষয়ে। অ্যাকাউন্টস ক্লার্ক পদের ক্ষেত্রে প্রশ্ন হবে রিজনিং, অ্যাকাউন্টেন্সি, ইংরেজি, কম্পিউটার নলেজ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nyks.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৩৫০ টাকা)। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

## এয়ার ইন্ডিয়া ট্রান্সপোর্ট সার্ভিসেসে ২৪৪

### ওয়াক-ইন ইন্টারভিউ ৫, ১২ ও ১৯ জানুয়ারি, কলকাতায়

হ্যান্ডিম্যান, কাস্টমার এজেন্ট, ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার এবং র‍্যাম্প সার্ভিস এজেন্ট পদে ২৪৪ জনকে নেবে এয়ার ইন্ডিয়া এয়ার ট্রান্সপোর্ট সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে, কলকাতায়।

ইন্টারভিউ হ্যান্ডিম্যান ও কাস্টমার এজেন্ট পদের ক্ষেত্রে যথাক্রমে ১৯ জানুয়ারি ও ৫ জানুয়ারি, র‍্যাম্প সার্ভিস এজেন্ট এবং ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার পদের ক্ষেত্রে ১২ জানুয়ারি। ইন্টারভিউ সকাল ৯টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি "AIR INDIA AIR TRANSPORT SERVICES LTD"-এর অনুকূলে মুম্বইয়ে প্রদেয় হতে হবে। তফসিলি জাতি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

প্রয়োজনীয় নথিপত্র সঙ্গে নিয়ে যাবেন। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Air India Ltd. Engineering Complex, New Technical Area, Dum Dum, Kolkata-700 052.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনে ১৪৮

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১৪৮ জন আই টি আই, স্নাতক ও ডিপ্লোমাধারী তরুণ-তরুণীকে বিভিন্ন শাখায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন। প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার অধীনে তিন বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: RT/15/2018.

**শাখা ও যোগ্যতা অনুসারে আসনবিন্যাস: আই টি আই ট্রেনি:** ইলেক্ট্রিশিয়ান: ১৩টি। ফিটার: ১২টি। মেশিনিস্ট: ১০টি। টার্নার: ১০টি। ফাউন্ড্রিম্যান/মোল্ডার: ১০টি। ওয়েল্ডার: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ।

**ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি:** মেকানিক্যাল টুল অ্যান্ড ডাই মেকিং: ২৩টি। সিভিল: ৫টি। মেটালার্জি/ফাউন্ড্রি টেকনোলজি/ফর্জ টেকনোলজি: ১০টি। ইলেক্ট্রিক্যাল: ১০টি। কেমিক্যাল: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**পার্সোনেল ট্রেনি:** ১৮টি। **ফিনান্স ট্রেনি:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: উভয় ক্ষেত্রেই ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর এবং পার্সোনেল ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স বা ফিনান্স বা সমতুল বিষয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ।

**আই টি ট্রেনি:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: মোট ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইনফর্মেশন টেকনোলজিতে বি টেক অথবা এম সি এ।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-১২-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** আই টি আই ট্রেনির ক্ষেত্রে ট্রেনিংয়ের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় বছরে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৬,০০০ টাকা, ৭,০০০ টাকা এবং ৮,০০০ টাকা। ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনিদের ক্ষেত্রে ট্রেনিংয়ের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় বছরে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা, ৯,০০০ টাকা এবং ১০,০০০ টাকা। বাকি সবক'টি শাখার ট্রেনিদের ক্ষেত্রে ট্রেনিংয়ের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় বছরে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,০০০ টাকা, ১১,০০০ টাকা এবং ১২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ট্রেড টেস্ট বা টাস্ক অবজারভেশন টেস্ট বা অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://hecltd.com/jobs-at-hec.php অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৮ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। তিন মাসের পুরনো ফটো চলবে না।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দিতে হবে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ড (ভিসা বা মাস্টার)-এর মাধ্যমে। অফলাইনে ফি দেওয়া যাবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে ফি দিলে ফি জমা দেওয়ার পর আবার উপরোক্ত ওয়েবসাইটে লগ-ইন করে ফি জমা দেওয়ার তথ্যাদি দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ জানুয়ারি। রেজিস্ট্রেশন নম্বর-সহ রেজিস্ট্রেশন স্লিপ এবং ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন আবেদনপত্র পূরণের সময় এস বি আই কালেক্ট রেফারেন্স নম্বরের অবশ্যই উল্লেখ করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.hecltd.com

# কলকাতা পুলিশে ৬১৩ সিভিক ভলান্টিয়ার

*প্রথম পাতার পর*

ব্যাটেলিয়ন, কলকাতা আর্মড পুলিশ: ৫টি, সিক্সথ ব্যাটেলিয়ন, কলকাতা আর্মড পুলিশ: ৫টি, কলকাতা পুলিশ ব্যান্ড অ্যান্ড অর্কেস্ট্রা: ২০টি, পোর্ট ডিভিশন: ২৩টি, কলকাতা হোম গার্ড অর্গানাইজেশন: ১০টি, পুলিশ হাউসিং এস্টেট: ২৫টি, কমিউনিটি পুলিশিং উইং: ৩০টি, রিভার ট্রাফিক পুলিশ: ১৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট। শারীরিকভাবে সুস্থ হতে হবে। খেলাধুলায় পারদর্শী হলে এবং এন সি সি ক্যাডেট বা বয় স্কাউট বা এন এস এস গাইড বা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কলকাতা পুলিশের আওতাধীন এলাকার স্থায়ী বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। পুলিশ হাউসিং এস্টেটের ক্ষেত্রে প্লাম্বিং, কার্পেন্ট্রি বা ম্যাসনারির কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। রিভার ট্রাফিক পুলিশ ইউনিটের ক্ষেত্রে সাঁতার জানা আবশ্যক। এর পাশাপাশি ইঞ্জিন ড্রাইভার এবং সারেং হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে, কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, নির্বাচিত প্রার্থীরা কলকাতা পুলিশ বা রাজ্য সরকারের অন্য কোনও দপ্তরে এই নিয়োগকে স্থায়ী চাকরি বলে দাবি করতে পারবেন না।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.kolkatapolice.gov.in দরখাস্তের বয়ান এ-ফোর মাপের কাগজে প্রিন্ট করিয়ে নেবেন। যে-কোনও একটি ইউনিটের শূন্যপদের জন্য আবেদন করবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓ বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: APPLICATION FOR THE POST OF CIVIC VOLUNTEER. দরখাস্ত যে-ইউনিটের শূন্যপদের জন্য আবেদন করেছেন সেই ইউনিটের ঠিকানায় রাখা নির্দিষ্ট ড্রপ বক্সে ২০ ডিসেম্বর, বিকেল ৫টার মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে। ইউনিট ও ডিভিশন অনুসারে দরখাস্ত জমা দেওয়ার ঠিকানা: North & North Suburban Division: Deputy Commissioner of Police, North & North Suburban Division, 113, A.P.C. Road, Kolkata-700 009, Central Division: Deputy Commissioner of Police, Central Division, 138, S.N. Banerjee Road, Kolkata-700 013, South Division: Deputy Commissioner of Police, South Division, 34, Park Street, Kolkata-700 016, East Division: Deputy Commissioner of Police, East Division, D-50/2, East Rajapur, Santoshpur, Kolkata-700 075, Eastern Suburban Division: Deputy Commissioner of Police, Eastern Suburban Division, 105, Hem Chandra Naskar Road, Kolkata-700 010, South East Division: Deputy Commissioner of Police, South East Division, 2, Syed Amir Ali Avenue, Kolkata-700 017, South Suburban Division: Deputy Commissioner of Police, South Suburban Division, Tollygunge Emergency Force Lines, 255/257, D.P.S. Road, Kolkata-700 033, South West Division: Deputy Commissioner of Police, South West Division, Tollygunge Emergency Force Lines, 255/257, D P S Road, Kolkata-700 033, 1st Battalion, Kolkata Armed Police এবং Kolkata Police Training Academy: Deputy Commissioner of Police, 1st Battalion, Kolkata Armed Police, 7, Diamond Harbour Road, Kolkata-700 027, 3rd Battalion, Kolkata Armed Police: Deputy Commissioner of Police, 3rd Battalion, Kolkata Armed Police, 7, Diamond Harbour Road, Kolkata-700 027, 6th Battalion, Kolkata Armed Police: Deputy Commissioner of Police, 6th Battalion, 7 Diamond Harbour Road, Kolkata-700 027, Traffic Department: Deputy Commissioner of Police, Traffic Department, Traffic Training School, 8, Tarashankar Sarani, Kolkata-700 037, Kolkata Police Band & Orchestra: Senior Deputy Commissioner of Police, Armed Police, 7, Diamond Harbour Road, Kolkata-700 027, Port Division, Kolkata Home Guard Organization, Police Housing Estate এবং Community Policing Wing: Deputy Commissioner of Police, Home Guard Organization, 29, R.N. Mukherjee Road, Kolkata-700 001, River Traffic Police: Deputy Commissioner of Police, Combat Battalion, 247, A.J.C. Bose Road, Kolkata-700 027.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বি এস এন এল-এ ১৫০ ম্যানেজমেন্ট ট্রেনি

১৫০ জন ম্যানেজমেন্ট ট্রেনি (টেলিকম অপারেশনস) নেবে ভারত সঞ্চার নিগম (বি এস এন এল)। প্রবেশন-কাম-ট্রেনিং ২ বছরের। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ম্যানেজার পদে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 74-1 (2)/2018-Rectt.

মোট শূন্যপদ: ১৫০টি (সাধারণ ৭৬, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে এম বি এ বা এম টেক। বয়স: ১-৮-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড (১৫০ নম্বর), কগনিটিভ এবিলিটি (১৫০ নম্বর) এবং টেকনিক্যাল নলেজ (১৫০ নম্বর) বিষয়ে। পরীক্ষা ১৭ মার্চ, সকাল ১০টা থেকে দুপুর ১টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsnl.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত করা যাবে ২৬ ডিসেম্বর থেকে ২[illegible] জানুয়ারি পর্যন্ত।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,১০[illegible] টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং অনলাইনে সাবমিট করা দরখাস্তের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাকোভিজিল্যান্সের সার্টিফিকেট কোর্স

ফার্মাকোভিজিল্যান্সের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার। কোর্সটি কলকাতার এ এম আর আই হসপিটালের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে। কোর্সটির পুরো নাম 'সার্টিফিকেট কোর্স ইন ফার্মাকোভিজিল্যান্স ইন ক্লিনিক্যাল রিসার্চ'। কোর্সের মেয়াদ ৯ মাস। কোর্সটি শুরু হবে ফেব্রুয়ারিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি, স্নাতক স্তরে লাইফ সায়েন্স পড়ে থাকতে হবে। অথবা এম বি বি এস বা বি ডি এস বা এম ডি বা এম ডি এস বা বি ফার্ম বা বি ফার্ম (আয়ুর্বেদ) বা এম ফার্ম বা এম ফার্ম (আয়ুর্বেদ) বা বি এইচ এম এস বা বি ভি এসসি বা নার্সিং অথবা প্যারামেডিক্যাল কোর্সে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে।

ভর্তির জন্য আবেদনপত্র সংগ্রহ করা যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টার থেকে। আবেদনের শেষ তারিখ ১৮ জানুয়ারি। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৯০৮৮৪-০১৩৫৪।

## স্কলারশিপের খোঁজখবর

### ফাউন্ডেশন ফর এক্সেলেন্স স্কলারশিপ ২০১৮-১৯

২০১৮-১৯ শিক্ষাবর্ষে বি ই বা বি টেক বা এম বি বি এস বা ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রি কোর্সের প্রথম বর্ষে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে ফাউন্ডেশন ফর এক্সেলেন্স। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নিচে।

**আবেদনের যোগ্যতা:** রাজ্য বা জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ইঞ্জিনিয়ারিং বা টেকেনোলজি বা মেডিসিন নিয়ে স্নাতক বা ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রি কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/FFE5 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

### সংস্কৃতি-কলাকৃতি ফেলোশিপ ২০১৮

নৃত্যে পারদর্শী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে সংস্কৃতি ফাউন্ডেশন। স্কলারশিপের পরিমাণ: ৫০,০০০ টাকা।

**আবেদনের যোগ্যতা:** ইন্ডিয়ান ক্লাসিক্যাল ডান্সে অন্তত ১০ বছরের ট্রেনিং নিয়ে থাকতে হবে। এর পাশাপাশি ২-৩টি একক নৃত্য প্রদর্শন করে থাকতে হবে। বয়স হতে হবে ২৫ থেকে ৪০ বছরের মধ্যে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/KF5 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 9[2(B)]/2018 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিলচালিত সিনিয়র কার্টোগ্রাফার পদে নিয়োগের ইন্টারভিউ ৩ ও ৪ জানুয়ারি। অ্যাডমিট কার্ড ২৭ ডিসেম্বর থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in

## রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ১৯ মে

*প্রথম পাতার পর*

অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কাউন্সিল অব আর্কিটেকচার দ্বারা পরিচালিত 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার' পরীক্ষা অথবা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-মেন, ২০১৯ পরীক্ষার পেপার টুয়ে উত্তীর্ণ হতে হবে।

**বয়স:** ৩১-১২-২০১৯ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে। মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ক্ষেত্রে বয়স হতে হবে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে।

জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষাটি নেওয়া হবে দু'টি পত্রে— পেপার ওয়ান ও পেপার টু। পেপার ওয়ানে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং পেপার টুয়ে প্রশ্ন হবে ফিজিক্স (৫০ নম্বর) ও কেমিস্ট্রি (৫০ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। পরীক্ষার সময় পেপার ওয়ানের ক্ষেত্রে সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং পেপার টুয়ের ক্ষেত্রে দুপুর ২টো থেকে বিকেল ৪টে। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.wbjeeb.in ৭ মে (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোডও করা যাবে এই ওয়েবসাইট থেকে।

অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ ডিসেম্বর থেকে ২২ জানুয়ারি পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ৩ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। কনফার্মেশন পেজ ডাউনলোড করা যাবে ২৩ থেকে ২৫ জানুয়ারি পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড, এ কিউ-১৩/১, সেক্টর ফাইভ, সল্ট লেক সিটি, কলকাতা ৭০০০৯১। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ১৮০০-১০২৩-৭৮১, ১৮০০-৩৪৫০-০৫০।

# পূর্ব-মধ্য রেলে ২২৩৪ ট্রেড অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিশিয়ান: ১৪৮টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি জাতি ১, ও বি সি ২)। মেকানিক (ডিজেল): ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক: ৭৬টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১)। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। কার্পেন্টার: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। পেইন্টার (জেনারেল): ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। ওয়্যারম্যান: ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)।

**ধানবাদ ডিভিশন:** ফিটার: ৪২টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। টার্নার: ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। মেশিনিস্ট: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। কার্পেন্টার: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৪৫টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। মেকানিক ডিজেল: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। ওয়্যারম্যান: ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)।

**মোগলসরাই ডিভিশন:** ফিটার: ৫২০টি (সাধারণ ২৬৩, তফসিলি জাতি ৭৮, তফসিলি উপজাতি ৩৯, ও বি সি ১৪০)। মেশিনিস্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। ইলেক্ট্রিশিয়ান: ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। টার্নার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ওয়্যারম্যান: ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৬০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৩)। মেকানিক (ডিজেল): ৮০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)।

**সমস্তিপুর ডিভিশন:** ফিটার: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। টার্নার: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ইলেক্ট্রিশিয়ান: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। পেইন্টার (জেনারেল): ২টি (সাধারণ ১, ও বি সি ১)। কার্পেন্টার: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মেকানিক (ডিজেল): ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (সি পি): ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**প্লান্ট ডিপো/মোগলসরাই:** ফিটার: ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬)। মেশিনিস্ট: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ইলেক্ট্রিশিয়ান: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মেশিনিস্ট গ্রাইন্ডার: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। টার্নার: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মেকানিক মোটর ভেহিক্যাল: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। মেকানিক (ডিজেল): ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**মেকানিক্যাল ওয়ার্কশপ/সমস্তিপুর:** ফিটার: ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। মেশিনিস্ট: ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩৫টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। ইলেক্ট্রিশিয়ান: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ক্যারেজ রিপেয়ার ওয়ার্কশপ/হারনট:** ফিটার: ৭৪টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০)। মেশিনিস্ট: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ওয়েল্ডার: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। ইলেক্ট্রিশিয়ান: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

সরকারি নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১১-১২-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcecr.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১০ জানুয়ারি।

মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো (২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে) ও সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি জমা দিতে পারবেন ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rrcecr.gov.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্প ডেস্ক নম্বরে: ০৬১২-২৫৬০০২৯/২৫৬০০৩৫।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.
Great careers start here

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

Company: **PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title: **Ground Staff & Cabin Crew**
Experience, Location: **Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed.Starting salary for cabin crew-30000 to 35000 pm, Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

Company: **Narayan Industries**
Position Title: **Sr Back Office Executive**
Experience, Location: **Min 10 yr, Kolkata**
Profile: We need a Sr. Techno Commercial Person for our own Steel Fabrication Company. Salary - as per experience and standard. Candidate can send their cv at narayanindustries@gmail.com. Or call on 9433044453
To apply for this job, log on to www.shine.com and search using **9472680** as keyword.

Company: **JT Aviation Academy**
Position Title: **Ground Staff & Cabin Crew**
Experience, Location: **Fresher, Kolkata/Delhi**
Profile: JT Aviation Academy offers courses to the eligible candidates. After completion of the courses placement will be provided by the institute at Kolkata/Delhi airport. Age 18yr - 27yr. Edu- Min HS pass. Starting Salary- 15K-45K per month. For interview or other information please call 8777259443 & 9331957694 on or Email ID- careers@jtaviation.in.
To apply for this job, log on to www.shine.com and search using **8339835** as keyword.

Company: **Crowd Link Staffing**
Position Title: **Customer Relationship Executive**
Experience, Location: **Fresher, Kolkata**
Profile: Vacancy under a Corporate Bank as a Customer Relationship Executive. Qualification - HS (Fresher) & Basic knowledge Excel & Word. Language known- Basic Hindi & English. Salary - 12K-20K. Call HR @ 9874440217. EMAIL - 7sujoydas@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Company: **Companion Placements**
Position Title: **HR Recruiter**
Experience, Location: **Min 1 Yr , Kolkata**
Profile: We are looking for experienced "HR Recruiters" for our placement company based in Park street. Salary will be in the range of 12k to 20k with high incentive. Candidate should be a minimum graduate with good communication in English and minimum work experience of 1 year. Candidates with recruitment background will be preferred. If you are interested then mail your resume to - manojcompanion@gmail.com or call: 40014772
To apply for this job, log on to www.shine.com

Company: **Dona World Technical Training Institute**
Position Title: **Back Office - Photoshop**
Experience, Location: **Any Experience, Kolkata**
Profile: We need Back Office Executive for our an organisation based at Birati - Kolkata. Candidate should have knowledge in Photoshop. Interested candidate may send their resume to director@donaworld.com or call on 8910218634
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com
Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস, ২০১৮'-র ফল কবে ঘোষিত হবে? —সৌরভ মালাকার, মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউ পি এস সি আয়োজিত ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস, ২০১৮' পরীক্ষার ফল ঘোষিত হয়েছে। গত জুন-জুলাই মাসে লিখিত পরীক্ষা এবং নভেম্বর মাসে ইন্টারভিউ হয়েছিল। পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

□ *ইউ পি এস সি-র ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষা সম্পর্কে বিস্তারিত জানাবেন। —কল্লোল জানা, ডিহিপাড়া, বাঁকুড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হয় দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পেপার-ওয়ানে থাকে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। দ্বিতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হয় দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে পার্সোন্যালিটি টেস্টের (২০০ নম্বর) জন্য ডাক পাওয়া যাবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## নার্সিং

□ *নয়াদিল্লি এইমসে বি এসসি নার্সিং (পোস্ট বেসিক) কোর্সে ভর্তি হতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ কবে? —সাত্যকি দত্ত, নন্দনপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ নার্সিংয়ের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। বি এসসি নার্সিং (পোস্ট বেসিক) কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। পাশাপাশি, স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। তবে, পুরুষ নার্সরা যদি ২০০৩ সালে ইন্টিগ্রেটেড কোর্স চালু হওয়ার আগে জেনারেল নার্সিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকেন সেক্ষেত্রে মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স না করে থাকলেও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে ও টি টেকনিক বা অপথ্যালমিক নার্সিং বা লেপ্রোসি নার্সিং বা টি বি নার্সিং বা সাইকিয়াট্রিক নার্সিং বা নিউরো-লজিক্যাল অ্যান্ড নিউরো সার্জিক্যাল নার্সিং বা কমিউনিটি হেলথ নার্সিং বা ক্যানসার নার্সিং বা অর্থোপেডিক নার্সিংয়ে অন্তত ৬ মাস মেয়াদের প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org প্রথমে বেসিক রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৩ জানুয়ারি। বেসিক রেজিস্ট্রেশনে কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করার সুযোগ পাওয়া যাবে ৮ জানুয়ারি থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত। বেসিক রেজিস্ট্রেশনের পর ফাইনাল রেজিস্ট্রেশন করতে হবে। ফাইনাল রেজিস্ট্রেশন করা যাবে ১৪ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত। ফি জমা দেওয়া যাবে ২৯ মার্চ থেকে ৫ এপ্রিল পর্যন্ত।

## কোর্স, ট্রেনিং

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্কুল কাউন্সেলিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —মামণি সরকার, মদনপুর, নদিয়া।*

□□ স্কুল কাউন্সেলিংয়ের পোস্ট পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যাপ্লায়েড সাইকোলজি বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা: ২০। শিক্ষাগত যোগ্যতা: অ্যাপ্লায়েড সাইকোলজি বা সাইকোলজিতে এম এ বা এম এসসি। কোর্স ফি: ২০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৫ জানুয়ারি, দুপুর ২টো থেকে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১০০ টাকা)-র ডিমান্ড ড্রাফট। এটি 'University of Calcutta'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র ২৮ ডিসেম্বরের মধ্যে সাধারণ ডাকে অথবা সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Secretary, University College of Science, Technology & Agriculture, Calcutta University, 92, A.P.C. Road, Kolkata 700 009.

## ব্যাঙ্ক

□ *ব্যাঙ্ক অব বরোদায় স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চন্দন সেনগুপ্ত, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ ব্যাঙ্ক অব বরোদায় স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। এ ছাড়া ব্যাঙ্ক কর্তৃপক্ষ মনে করলে, গ্রুপ ডিসকাশন বা পার্সোন্যাল ইন্টারভিউ বা সাইকোমেট্রিক টেস্টও নিতে পারে। অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও পেশাদারি বিষয় (৭৫ নম্বর)। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ২৬ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in

## অন্যান্য চাকরি

□ *এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —রথীজিৎ কুণ্ডু, খানাকুল, হুগলি।*

□□ এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজিতে তিন বছর মেয়াদের ডিগ্রি বা ডিপ্লোমা কোর্স করে থাকলে, বিমানে কেবিন ক্রু হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে এবং ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.airindiaexpress.in

□ *নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়ায় হিউম্যান রিসোর্স বিভাগে ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —অরিন্দম মণ্ডল, কোচবিহার।*

□□ নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়ায় হিউম্যান রিসোর্স বিভাগে ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। ডিগ্রি বা ডিপ্লোমায় ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত বা অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথম পার্টে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং, এথিক্স অব পাবলিক সার্ভিস, আর টি আই অ্যাক্ট, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ডেটা-ইন্টারপ্রিটেশন ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। দ্বিতীয় অংশে প্রার্থীর সংশ্লিষ্ট পেশাদারি বিষয়ে ৭০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। দেখুন এই ওয়েবসাইট: www.npcilcareers.co.in

□ *ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ব্যাচে নাবিক পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শাশ্বত সেনগুপ্ত, বারুইপুর।*

□□ ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ব্যাচে নাবিক পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। সাঁতার, খেলাধুলায় আগ্রহ থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/১২। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস শাখায় অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জগন্নাথ মাইতি, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা।*

□□ নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস শাখায় অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: এম কম অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্টেন্সি বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্সি কোর্স পাশ। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে অন্তত ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ২৬ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.newindia.co.in

□ *মাজাগন ডক শিপবিল্ডার্সে স্ট্রাকচারাল ফেব্রিকেটর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জীবন পন্ডো, হাওড়া।*

□□ মাজাগন ডক শিপবিল্ডার্সে স্ট্রাকচারাল ফেব্রিকেটর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন এ সি) পরীক্ষায় পাশ করে থাকতে হবে। শিট মেটাল ওয়ার্কার ট্রেডে এন এ সি থাকলেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ট্রেনি স্ট্রাকচারাল ফেব্রিকেটর পদে নিয়োগ করা হবে। অন্য কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারী প্রার্থীদের যদি স্ট্রাকচারাল ফিটার পদে মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকে তাহলে তাঁরাও আবেদনের যোগ্য। ২৪ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazdock.com

□ *নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়ায় লিগ্যাল বিভাগে ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —পার্থ তালুকদার, আলিনগর, মালদা।*

□□ নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়ায় লিগ্যাল বিভাগে ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আইনের স্নাতক। প্রার্থীকে রাজ্যস্তরের বার কাউন্সিল বা বার কাউন্সিল অব ইন্ডিয়ায় নথিভুক্ত থাকতে হবে। আইনজীবী হিসেবে প্র্যাক্টিসের অথবা কোনও সংস্থার কোম্পানি বা সিভিল বা লেবার ল অফিসার হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। খুঁটিনাটি বিষয়ে বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.npcilcareers.co.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## পরীক্ষায় নম্বর দেওয়ার পদ্ধতি বদলেছে, অ্যাকাডেমিক স্কোর বর্তমানে অর্থহীন

আমি স্কুল সার্ভিস কমিশনের সহ-শিক্ষক পদের চাকরিপ্রার্থী। বর্তমানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে সকল শর্ত বা নিয়মাবলি আরোপ করা হয়েছে, তার মধ্যে অন্যতম হল অ্যাকাডেমিক নম্বর বিভাজন। কিন্তু এই পদ্ধতিটি অনেকাংশেই ত্রুটিপূর্ণ বলে আমার মনে হয়েছে। এর ফলে আমার মতো লক্ষাধিক চাকরিপ্রার্থী ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এর অনেকগুলি কারণ আছে— (১) সময়ের সঙ্গে সঙ্গে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক প্রভৃতি পরীক্ষার প্রশ্নের রকমফের, সিলেবাস ও নম্বর বিভাজনের পাশাপাশি, পরীক্ষায় নম্বর দেওয়ার পদ্ধতিতে ব্যাপক পরিবর্তন ঘটেছে। তাই ভিন্ন সময়ে, ভিন্ন পদ্ধতিতে নেওয়া পরীক্ষাগুলির অ্যাকাডেমিক স্কোরকে এক মাপকাঠিতে বিচার করা একেবারেই অনুচিত। (২) রাজ্যের প্রথিতযশা বিশ্ববিদ্যালয়গুলি থেকে স্নাতক বা স্নাতকোত্তর স্তরে ভালো নম্বর পাওয়া বেশ কঠিন। অথচ সদ্য এমন কিছু বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছে, যেখান থেকে তুলনামূলকভাবে অনেক সহজে বেশি নম্বর পাওয়া যায়। ফলে নম্বর মাপকাঠি হওয়ায়, সেখানেও গলদ থেকে যাচ্ছে। (৩) নব্বইয়ের দশক বা তারও আগে উচ্চমাধ্যমিক স্তরে বিজ্ঞান ও বাণিজ্য শাখার তুলনায় কলা বিভাগে ভালো নম্বর পাওয়া বেশ কঠিন ছিল। বর্তমানে সেই অবস্থার আমূল পরিবর্তন ঘটেছে। এখন কলা বিভাগেও ৯৯ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিকে পাশ করার ঘটনা ঘটছে। (৪) স্কুল সার্ভিস কমিশনের সহ-শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে অ্যাকাডেমিক নম্বর বিভাজন নিয়মানুযায়ী মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ৫৯.৯ শতাংশ নম্বর পাওয়া একজন চাকরিপ্রার্থীর অ্যাকাডেমিক স্কোর হয় ১০-এর মধ্যে ৮। আবার ৫৯.৯ শতাংশের থেকে মাত্র ০.১ শতাংশ (অর্থাৎ ৬০ শতাংশ) বেশি নম্বর পাওয়া প্রার্থীর অ্যাকাডেমিক স্কোর দাঁড়াচ্ছে ১০-এর মধ্যে ১০। অর্থাৎ, যেখানে মাত্র ০.১ শতাংশের জন্য অ্যাকাডেমিক স্কোরের ফারাক হয়ে যাচ্ছে ২ নম্বর, সেখানে ৬০ শতাংশ থেকে ৯৯ শতাংশ নম্বর-প্রাপ্ত মধ্যবর্তীস্তরের প্রার্থীদের অ্যাকাডেমিক স্কোরের সামান্যতমও ফারাকও নেই। এই পদ্ধতি কি সত্যিই যুক্তিযুক্ত? (৫) নেট বা সেট পরীক্ষার মাধ্যমে কলেজে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অ্যাকাডেমিক স্কোরকে গুরুত্ব দেওয়া হয় না। সেক্ষেত্রে শুধুমাত্র স্নাতকোত্তরে ন্যূনতম নম্বরের যোগ্যতামান নির্দিষ্ট করা আছে। তা হলে কি কলেজের অধ্যাপকরা মেধাবী নন? স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অ্যাকাডেমিক স্কোর তুলে দিলে শিক্ষকদের যোগ্যতা বিচার করা যাবে না— এ ধারণা অমূলক।

**সময়ের সঙ্গে সঙ্গে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক প্রভৃতি পরীক্ষার প্রশ্নের রকমফের, সিলেবাস ও নম্বর বিভাজন এবং পরীক্ষায় নম্বর দেওয়ার প্রবণতায় ব্যাপক পরিবর্তন ঘটেছে। তাই ভিন্ন সময়ে, ভিন্ন পদ্ধতিতে নেওয়া পরীক্ষাগুলির অ্যাকাডেমিক স্কোরকে এক মাপকাঠিতে বিচার করা একেবারেই অনুচিত।**

রাজ্যের শিক্ষামন্ত্রী মাননীয় শ্রী পার্থ চট্টোপাধ্যায়ের কাছে আমার একান্ত অনুরোধ, স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অ্যাকাডেমিক স্কোরের মাধ্যমে প্রার্থী বাছাইয়ের রীতির বিষয়ে দ্রুত কোনও সদর্থক পদক্ষেপ গ্রহণ করুন। এই রীতির অপসারণে লক্ষাধিক চাকরিপ্রার্থীর সামনে সুষ্ঠু প্রতিযোগিতার বাতাবরণ তৈরি হবে বলে আমার বিশ্বাস।

বিজয় নাড়ু, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিম রেলে ৩৫৫৩ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেকানিক মোটর ভেহিক্‌ল:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ইলেক্ট্রিশিয়ান:** ২১২টি (সাধারণ ১০৭, তফসিলি জাতি ৩২, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫৭)। এর মধ্যে ২টি করে আসন অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৬টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ৪৬টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়্যারম্যান:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেকানিক এল টি অ্যান্ড কেবল:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট: কার্পেন্টার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পাইপ ফিটার:** ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ২টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

**বি আর সি ডিভিশন: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ও ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **কার্পেন্টার:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **পেইন্টার (জেনারেল):** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **মেকানিক (ডিজেল):** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৩৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **মেশিনিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ডিজেল মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মেকানিক মোটর ভেহিক্‌ল:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ইলেক্ট্রিশিয়ান:** ১১২টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়্যারম্যান:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

**ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট: কার্পেন্টার:** ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পাইপ ফিটার:** ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**এ ডি আই ডিভিশন: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৯৭টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **টার্নার:** ১টি (সাধারণ)। **কার্পেন্টার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **পেইন্টার (জেনারেল):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **ডিজেল মেকানিক:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টার্নার:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ডিজেল মেকানিক:** ৮৬টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ও ৩টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেকানিক মোটর ভেহিক্‌ল:** ১টি (সাধারণ)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রিশিয়ান:** ১১৬টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩১)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **মেকানিক এল টি অ্যান্ড কেবল:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট: কার্পেন্টার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পাইপ ফিটার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

**আর টি এম ডিভিশন: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৯০টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ২৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেশিনিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ডিজেল মেকানিক:** ৫২টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **মেকানিক মোটর ভেহিক্‌ল:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ৮৭টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৩)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট: কার্পেন্টার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পাইপ ফিটার:** ৪৫টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**আর জে টি ডিভিশন: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৩৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট: কার্পেন্টার:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার (জেনারেল):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পাইপ ফিটার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**বি ভি পি ডিভিশন: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ২৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **কার্পেন্টার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **পেইন্টার (জেনারেল):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ইলেক্ট্রিশিয়ান:** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট: কার্পেন্টার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার (জেনারেল):** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পাইপ ফিটার:** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**পি এল ওয়ার্কশপ: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ১৮১টি (সাধারণ ৯১, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৪৯)। এর মধ্যে ২টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৫টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১১৭টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। এর মধ্যে ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিশিয়ান:** ২৯টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৬১টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**এম এক্স ওয়ার্কশপ: ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্ট: ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১টি (সাধারণ)। **টার্নার:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**বি ভি পি ওয়ার্কশপ: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৪২টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **টার্নার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ডি এইচ ডি ওয়ার্কশপ: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ১১৪টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩১)। এর মধ্যে ১টি করে আসন অস্থি, দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **টার্নার:** ১টি (সাধারণ)। **মেশিনিস্ট:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**পি আর টি এন ওয়ার্কশপ: মেকানিক্যাল ডিপার্টমেন্ট: ফিটার:** ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **মেশিনিস্ট:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**এস বি আই (ইঞ্জিনিয়ারিং) ওয়ার্কশপ: ফিটার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মেকানিক (ডিজেল)** : ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**এস বি আই (সিগন্যাল) ওয়ার্কশপ: ফিটার:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টার্নার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**টি এম (হেড কোয়ার্টার্স কন্ট্রোলড ডিভিশন/ওয়ার্কশপ): ফিটার:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার (জেনারেল):** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **মেকানিক (ডিজেল):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ইলেক্ট্রনিক মেকানিক:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

**ব্রিজ (হেড কোয়ার্টার্স কন্ট্রোলড ডিভিশন/ওয়ার্কশপ): ফিটার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ড্রাফ্টসম্যান (সিভিল):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেড, ওয়্যারম্যানের ক্ষেত্রে ইলেক্ট্রিশিয়ান ট্রেড, পাইপ ফিটারের ক্ষেত্রে প্লাম্বার ট্রেড এবং মেকানিক এল টি অ্যান্ড কেবলের ক্ষেত্রে ইলেক্ট্রিশিয়ান ট্রেড গ্রাহ্য হবে।

**বয়স:** ৯-১-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrc-wr.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৯ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, দৈহিক প্রতিবন্ধকতা ও ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৫ ডিসেম্বর-১১ ডিসেম্বর

**৫ ডিসেম্বর** আমেরিকার সর্বোচ্চ আগ্নেয়গিরি পিকো দে ওরিজাবা (৫,৬৩৬ মিটার) জয় করলেন বাংলার পর্বতারোহী সত্যরূপ সিদ্ধান্ত। এ দিন ভারতীয় সময় রাত ২টো নাগাদ আগ্নেয়গিরির শীর্ষে ওঠেন সপ্তশৃঙ্গজয়ী সত্যরূপ। খুব শীঘ্রই দক্ষিণ মেরুর সর্বোচ্চ আগ্নেয়গিরি মাউন্ট সিডলিতে যাবেন তিনি। সেটি জয় করতে পারলেই সর্বকনিষ্ঠ হিসেবে সপ্ত আগ্নেয়গিরি এবং সপ্তশৃঙ্গ জয়ের বিশ্বরেকর্ড করবেন তিনি।

## দলাই লামা প্রশ্নে চিনের বিপক্ষে আমেরিকা



**৬ ডিসেম্বর:** চিন যদি দলাই লামার জায়গায় নিজেদের বেছে রাখা কাউকে বসাতে চায়, আমেরিকা তা মেনে নেবে না বলে স্পষ্ট জানিয়ে দিল। তাদের দাবি, ধর্মীয় প্রথা মেনে যে ভাবে এত কাল দলাই লামা নির্ধারিণ হয়েছে, সে ভাবেই হবে। বর্তমানে ভারতে নির্বাসিত চতুর্দশ দলাই লামা সম্পর্কে চিনের অভিযোগ, তিনি বিচ্ছিন্নতাবাদী। যদিও দলাই লামার বক্তব্য, তিনি তিব্বতের স্বায়ত্তশাসন এবং ধর্মীয় স্বাধীনতা চান শুধু। তিব্বতের বৌদ্ধ প্রথা অনুযায়ী, দলাই লামা তাঁর মৃত্যুর আগে ঠিক করে যান উত্তরসূরি কে হবেন। যদিও চিনের দাবি, দলাই লামা নির্ধারণের অধিকার তাদের আছে।

**৬ ডিসেম্বর** কলকাতা হাইকোর্ট বিজেপির 'গণতন্ত্র বাঁচাও যাত্রা' (রথযাত্রা) পিছিয়ে দিতে নির্দেশ দিল। এ দিন বেলা দশটায় কোচবিহার থেকে ওই যাত্রা শুরু হওয়ার কথা ছিল। দিনভর শুনানির পরে বিচারপতি তপোব্রত চক্রবর্তী জানান, এত কম সময়ের মধ্যে পর্যাপ্ত পুলিশের ব্যবস্থা করা সম্ভব নয়। কোচবিহারে অপ্রীতিকর ঘটনা বা জীবনহানি ঘটলে তার দায় বিজেপির জেলা সভাপতি নেবেন কিনা সেই প্রশ্নও তুলেছেন বিচারপতি।

**উত্তরপ্রদেশে নিহত পুলিশ ইনস্পেক্টর** সুবোধকুমার সিংয়ের পরিবারের সঙ্গে দেখা করলেন সে রাজ্যের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। রাজ্যের মন্ত্রী অতুল গর্গ জানিয়েছেন, এটা' জেলায় সুবোধের গ্রামে যাওয়ার রাস্তা, জৈথরা-কুরাভলী রোডের নতুন নাম হবে 'শ্রী সুবোধকুমার সিং শহিদ মার্গ'। তাঁর নামে একটি কলেজেরও নাম রাখা হবে। ২৫-৩০ লক্ষ টাকার গৃহ ও শিক্ষাঋণ রয়েছে সুবোধের পরিবারের। সরকারই তা মেটাবে বলে বলা হয়েছে।

**৭ ডিসেম্বর** ত্রিপুরায় পুর-উপনির্বাচনে ১৫৮টি আসনের মধ্যে ৯১টিতেই বিজেপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতল। এই ৯১টি আসনে বিজেপি ছাড়া অন্য কোনও দলের প্রার্থী মনোনয়নপত্র জমা দেননি। এ দিনই ছিল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। নির্বাচন দপ্তর সূত্রে খবর বাকি ৬৭টি আসনে নির্বাচন হবে।

**টানা ছ'বছর আশ্রয় দেওয়ার পরে** ইকুয়েডরের প্রেসিডেন্ট লেনিন মোরেনো জানালেন, উইকিলিকস কর্ণধার জুলিয়ান অ্যাসাঞ্জ এ বার নির্ভয়ে লন্ডনে ইকুয়েডরের দূতাবাস ত্যাগ করতে পারেন। ব্রিটেন যে তাঁকে আমেরিকার হাতে তুলে দেবে না, সে বিষয়ে মোরেনো নিশ্চিত বলে জানিয়েছেন।



বিচারপতি এস মুরলীধর ও বিচারপতি বিনোদ গোয়েল, *দিল্লি হাইকোর্ট*

১৭ ডিসেম্বর কংগ্রেস নেতা সজ্জন কুমারকে শিখবিরোধী দাঙ্গায় যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিয়ে

"১৯৪৭-এর গ্রীষ্মে, দেশভাগের সময়, গোটা দেশ একবার দেখেছিল ভয়াবহ নিধন কাণ্ড, যেখানে লক্ষ লক্ষ সাধারণ মানুষ, হিন্দু, মুসলিম, শিখ নিহত হন। ৩৭ বছর পর দেশ আবার এক ট্র্যাজেডির মুখোমুখি হল। নভেম্বরের ১ থেকে ৪ এই চারদিনে ওই বছরে (১৯৮৪) গোটা দিল্লিতে ২,৭৩৩ জন শিখকে নৃশংসভাবে হত্যা করা হল।"

## অকাদেমি পাচ্ছেন সঞ্জীব



